




## তারেক রহমানের চীন সফর হবে সম্পর্কের নতুন মাইলফলক: চীনা রাষ্ট্রদূত



চীনা রাষ্ট্রদূত ইয়াও ওয়েন। ছবি: সংগৃহীত

বাংলাদেশের রাজনৈতিক স্থিতিশীলতা, অর্থনৈতিক উন্নয়ন ও জনকল্যাণমূলক কর্মকাণ্ডে চীন সবসময় সহযোগিতা অব্যাহত রাখবে বলে জানিয়েছেন ঢাকায় নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন। তিনি বলেন, বাংলাদেশ-চীন সম্পর্ক বর্তমানে নতুন উচ্চতায় পৌঁছেছে।

গুৱাবার (৮ মে) রাজধানীর একটি বেসরকারি হোটেলে আয়োজিত এক গোলটেবিল বৈঠকে তিনি এসব কথা বলেন। আগামী জুনে প্রধানমন্ত্রী তারেক রহমানের সম্ভাব্য চীন সফরকে দুই দেশের সম্পর্কের জন্য গুরুত্বপূর্ণ বলে উল্লেখ করেন রাষ্ট্রদূত।

ইয়াও ওয়েন জানান, নতুন সরকার গঠনের পর বাংলাদেশে প্রায় ১০ কোটি মার্কিন ডলার বিনিয়োগ করেছে চীনা প্রতিষ্ঠানগুলো, যার মাধ্যমে প্রায় ১০ হাজার মানুষের কর্মসংস্থান হয়েছে। তিস্তা মহাপরিকল্পনা, মোংলা বন্দর উন্নয়ন ও ঢাকা বিশ্ববিদ্যালয়ে আবাসিক হল নির্মাণসহ কয়েকটি বড় প্রকল্পে কাজ করছে চীন।

সবুজ জ্বালানি, তথ্যপ্রযুক্তি ও ইলেকট্রিক যানবাহন খাতে সহযোগিতা বাড়ানোর আগ্রহের কথাও জানান তিনি। পাশাপাশি চলতি বছর এখন পর্যন্ত ৩২ হাজার বাংলাদেশিকে চীনের ভিসা দেওয়া হয়েছে বলেও উল্লেখ করেন রাষ্ট্রদূত।